ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৩৬৩</u>

খোয়াই, ২৩ অক্টোবর, ২০২৫

**খোয়াই জেলার বিভিন্ন ফায়ার স্টেশনে যন্ত্রপাতি প্রদান**

খোয়াই জেলার অন্তর্গত বিভিন্ন ফায়ার স্টেশনকে সম্প্রতি ডিজাস্টার ম্যানেজমেন্টের উদ্যোগে বিপর্যয় মোকাবিলা রোধে বিভিন্ন যন্ত্রপাতি প্রদান করা হয়েছে। এতে খোয়াই, কল্যাণপুর ও তেলিয়ামুড়া ফায়ার স্টেশনকে লাইফ জ্যাকেট ৯টি, মেগাফোন ৯টি, কুড়াল ৯টি, অগ্নি নিরোধক গ্যাস সিলিন্ডার ৬টি, এইডি সার্চলাইট ৩টি, স্ট্রেচার ৬টি, বুলেট চেইন স ৩টি, হেলমেট হেডলাইট ৯টি, ট্রাফিক কোন ২১টি, ফার্স্ট এইড কিট ৩টি, রুফ নাইলন ৩টি, গামবুট ১২ জোড়া, ব্ল্যাঙ্কেট ৬টি প্রদান করা হয়েছে। খোয়াই জেলাশাসক কার্যালয়ের ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম অফিসার এতথ্য প্রদান করেন।

*******